

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮৭৪

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মিনা থেকে তাওয়াফে যিয়ারাহ করার জন্য বাইতুল্লাহর উদ্দেশ্যে রওয়ানা হবে, তার জন্য মুস্তাহাব হলো মিনায় এসে যোহরের সালাত আদায় করা

ذِكْرُ الْإِسْتِحْبَابِ لِمَنْ أَفَاضَ مِنْ مَنِيَّ الْأَيُّصَلِّيِ الظُّهْرَ إِلَّا بِهَا

আরবী

3874 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا عُبيدُ اللَّهِ بْنُ عُمَرَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَفَاضَ يَوْمَ النَّحْرِ ثُمَّ رَجَعَ فَصَلَّى الظُّهْرَ بِمَنَى.
الراوي: ابنُ عُمَرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3874 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1722): م.

বাংলা

৩৮৭৪. আব্দুল্লাহ বিন উমার রাঈয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কুরবানীর দিন তাওয়াফে ইফাযাহ করেছেন। তারপর তিনি ফিরে এসে মিনায় যোহরের সালাত আদায় করেছেন।”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৫/১৩৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২৯৩৪; মুয়াত্তা ইমাম মালিক: ১/৩২৮; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৯৭; সহীহুল বুখারী: ১৫৩৯; সহীহ মুসলিম: ১১৮৯; আবু দাউদ: ১৭৪৫; তাহাবী: ২/১৩০; সুনান বাইহাকী: ৫/৩৪; বাগাবী: ১৮৬৩; দারেমী: ২/৩৩; হুমাইদী: ২১০; মুসনাদ আহমাদ: ৬/৩৯; আবু ইয়ালা: ৪৭১২; নাসাঈ: ৫/১৩৭-১৩৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২৫৮০; ইবনুল জারুদ: ৪১৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন।
আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭২২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93213>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন